**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date: 06.07.2026** **Desk in Charge : K.L.**
**Time: 7-35 AM** **Edit.:- Sudip Basu**
**DEO: KB** **Compile. & NRT : Sudip Basu**

বিশেষ বিশেষ খবরঃ-

১/ নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ যথোচিত মর্যাদায় ভারতকেশরী ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। #এই উপলক্ষ্যে একাধিক অনুষ্ঠানে যোগ দিতে আজ রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ।

২/ বাগিচা শ্রমিকদের কল্যাণে রাজ্যে চালু হতে চলেছে, 'প্রধানমন্ত্রী চা শ্রম উৎসাহ প্রকল্প'।

৩/ আগামীকাল থেকে অনলাইন পোর্টালের মাধ্যমে রাজ্যের কলেজগুলিতে দ্বিতীয় পর্বের ভর্তি প্রক্রিয়া শুরু হচ্ছে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

৪/ দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকা ধর্ষণ ও খুনের মামলার তদন্তে ছয় সদস্যের সিট গঠন করেছে পুলিশ। # এই ঘটনায় আটক চারজন।

৫/ গভীর নিম্নচাপের প্রভাবে রাজ্যের উপকূলবর্তী ও পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টির পূর্বাভাস।

*****************************************************************************

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ যথোচিত মর্যাদায় রাজনীতিবিদ, শিক্ষাবিদ ডঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫-তম জন্মবার্ষিকী উদযাপিত হবে। স্বাধীন ভারতের প্রথম শিল্পমন্ত্রী ও জনসংঘের প্রতিষ্ঠাতা শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিনে রাজ্য সরকার, আজ ছুটি ঘোষণা করেছে। এই উপলক্ষে রাজ্য জুড়ে বিভিন্ন কর্মসূচি পালন করা হবে। সকাল এগারোটায় রেড রোডে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানাবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। রাজ্য সরকারের পাশাপাশি বিভিন্ন সংস্থা সংগঠন ও বিজেপির পক্ষ থেকে তাঁর প্রতি শ্রদ্ধা জানাতে নানা অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়েছে। পুরভবনে কলকাতা পুরসভার উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে শ্রদ্ধা জ্ঞাপন করবেন বিশিষ্ট জনেরা।

শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জন্মদিন উপলক্ষ্যে আজ রাজ্যে আসছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। যোগ দেবেন বিভিন্ন অনুষ্ঠানে। বিজেপি সূত্রে জানা গেছে, দুপুরে দিল্লি থেকে রওনা হয়ে কলকাতায় নিউটাউনের ইকো পার্কে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের ১২৫ ফুট মূর্তি নির্মাণের জন্য ভূমিপূজো অনুষ্ঠানে যোগ দেবেন তিনি। বিকেলে ভবানীপুরে শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের পৈত্রিক বাসভবনে তাঁর প্রতি শ্রদ্ধা জানাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী। সন্ধ্যায় বিশ্ববাংলা মেলা প্রাঙ্গণে রাজ্যস্তরের একটি অনুষ্ঠানে অমিত শাহ-র যোগ দেবার কথা।

বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য বলেছেন-

( বাইট- শমীক ভট্টাচার্য )

**********************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, ৬'ই জুলাই সেই অগণিত মানুষের জন্য একটি বিশেষ দিন, যারা জাতীয়তাবাদ ও নিঃস্বার্থ সেবার আদর্শকে মেনে চলেন। সংবাদ মাধ্যমে প্রকাশিত একটি নিবন্ধে প্রধানমন্ত্রী বলেছেন, শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের জীবনের আদর্শই ছিল, ভারতের অখন্ডতা। দেশ ভাগের চরম অস্থিরতার সময়েও, পশ্চিমবঙ্গ যাতে ভারতের অবিচ্ছেদ্য অঙ্গ হিসেবে থেকে যায়, তা' নিশ্চিত করতে তিনি দৃঢ় সংকল্প ছিলেন। সেই চিন্তাভাবনাই, তাঁকে জম্মু কাশ্মীরেও টেনে নিয়ে যায়।

শ্যামাপ্রসাদের নেতৃত্বে কলকাতা ইউনিভার্সিটি, শিক্ষার মানোন্নয়নে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছিল বলেও জানিয়েছেন প্রধানমন্ত্রী।

**********************

বাগিচা শ্রমিকদের কল্যাণে রাজ্য সরকার 'প্রধানমন্ত্রী চা শ্রম উৎসাহ প্রকল্প' চালু করতে চলেছে। মুখ্য সচিব মনোজ আগরওয়ালের সভাপতিত্বে বাগিচা শ্রমিকদের উন্নয়নের লক্ষ্যে আয়োজিত এক বৈঠকে এই সিদ্ধান্ত হয়।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সমাজমাধ্যমে জানিয়েছেন, এই প্রকল্পে ৩১৩ কোটি ৩০ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। এর মধ্যে শ্রমিকদের শিক্ষা খাতে- ১৭৭ কোটি, স্বাস্থ্য সুরক্ষায়- ৭২ কোটি এবং শ্রমিকদের আশ্রয় যোজনায়- ৬৩ কোটি টাকা বরাদ্দ করা হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তর, অন্যান্য দপ্তরের সঙ্গে সমন্বয়ে সৌর বিদ্যুৎ, বিশুদ্ধ পানীয় জল, শৌচাগার সহ পাহাড়ি এলাকায় ৮৮টি প্রকল্প এবং সমতলে ২৩৩টি বিশ্রামাগার তৈরি করবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন।

**********************

আগামীকাল থেকে অনলাইন পোর্টালের মাধ্যমে রাজ্যের কলেজগুলিতে দ্বিতীয় পর্বের ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

গতকাল সমাজমাধ্যমে তিনি বলেন, **মঙ্গলবার থেকে** নতুন শিক্ষাবর্ষের ক্লাস শুরু হবে। চলতি শিক্ষাবর্ষে রাজ্যের বিভিন্ন কলেজে অনলাইন পোর্টালের মাধ্যমে প্রথম পর্বে তিন লক্ষের বেশি ছাত্রছাত্রী ভর্তি হয়েছে বলে মুখ্যমন্ত্রী উল্লেখ করেছেন। এই পর্বে ৩ লক্ষ ৮ হাজার ৭৯৬ জন ছাত্রছাত্রী ভর্তি হয়েছেন। গত শিক্ষাবর্ষে এই সংখ্যা ছিল দুই লক্ষ ৫৭ হাজার ৪২৯ জন। শ্রী অধিকারী বলেন, গত শিক্ষা বর্ষের তুলনায় এইবার ছাত্রীদের ভর্তির হার ২৬ দশমিক ৪৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

**********************

রাজ্যপাল আর এন রবি, উত্তরবঙ্গ সহ রাজ্যের ২০টি বিশ্ব বিদ্যালয়ের উপাচার্যদের নিয়ে ফের বৈঠকে বসবেন বলে জানা গেছে। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনে, আগামী বিশে জুলাই এই বৈঠক হতে পারে বলে সূত্রের খবর।

গত দোসরা জুন লোকভবনে বিভিন্ন বিশ্ব বিদ্যালয়ের প্রতিনিধিদের সঙ্গে বৈঠক করেন রাজ্যপাল।

**********************

তৃণমূল কংগ্রেসের স্থানীয় নেতা কর্মীরা, বিজেপিতে ঢোকার চেষ্টা করলেও, তাদের কোনোভাবেই আশ্রয় দেওয়া হবে না বলে রাজ্যসভার সাংসদ রাহুল সিন্‌হা জানিয়েছেন। গতকাল বর্ধমানে দলীয় কার্যালয়ে সাংবাদিকদের কাছে তিনি বলেন, দলের নেতা কর্মীদের এ বিষয়ে অতিরিক্ত সতর্ক থাকতে হবে। তৃণমূল কংগ্রেস থেকে আসা লোকজন দলে ঢুকলে, তাঁদের শাস্তির মুখে পড়তে হবে বলেও হুঁশিয়ারি দিয়েছেন রাহুল বাবু।

**********************

দক্ষিণ ২৪ পরগনার বারুইপুরে নাবালিকা ধর্ষণ ও খুনের মামলার তদন্তে ছয় সদস্যের সিট গঠন করেছে পুলিশ। এতে রয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার, এসডিপিও, বারুইপুর থানার আইসি। আইজি (প্রেসিডেন্সি রেঞ্জ) কঙ্করপ্রসাদ বাড়ুই আশ্বাস দিয়েছেন, এই ঘটনার সঙ্গে যাঁরা জড়িত, সকলকে গ্রেফতার করা হবে।

( বাইট- কঙ্করপ্রসাদ বাড়ুই )

এই ঘটনায় বারুইপুর থানায় মোট তিনটি মামলা রুজু হয়েছে। চারজনকে আটক করেছে পুলিশ।

এদিকে গতরাতেই ময়নাতদন্ত শেষ হয়েছে নাবালিকার দেহের। কাঁটাপুকুর মর্গ থেকে দেহ বাড়ির উদ্দেশে নিয়ে যাওয়া হয়। মৃতার বাবার সঙ্গে ফোনে কথা বলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। এই ঘটনায় যথাযথ ব্যবস্থা নেওয়া হবে বলে আশ্বাস দিয়েছেন তিনি। আগামীকাল কিশোরীর বাবাকে ভবানীভবনেও যেতে বলেছেন মুখ্যমন্ত্রী।

আগেই জানানো হয়েছে গতকাল বিকেলে খাবার কেনার জন্য বাড়ি থেকে বেরিয়ে ওই নাবালিকা নিখোঁজ হয়ে যায়। একটি পুকুর থেকে তার দেহ উদ্ধার হয়। পরিবারের অভিযোগ, চার ব্যক্তি ওই নাবালিকাকে অপহরণ করে ধর্ষণের পর খুন করেছে। এই ঘটনায় উত্তাল হয়ে উঠে এলাকা। ক্ষুব্ধ এলাকাবাসী ও পরিবারের সদস্যরা দেহ আটকে রেখে রাস্তা অবরোধ করেন। অভিযুক্তদের দ্রুত গ্রেফতার ও কঠোর শাস্তির দাবি

জানান। স্থানীয়দের বিক্ষোভের জেরে গণপিটুনিতে এক অভিযুক্তের মৃত্যু হয়েছে বলে জানা গেছে। নতুন করে যাতে অশান্তি না ছড়ায়, সেজন্য সূর্যপুর ও আশপাশের এলাকায় মোতায়েন করা হয়েছে বিশাল পুলিশ বাহিনী। পরিস্থিতির উপর কড়া নজর রাখছে জেলা পুলিশ প্রশাসন। এলাকায় উত্তেজনা থাকলেও বর্তমানে পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

**********************

বারুইপুরের ঘটনায় রাজনৈতিক তরজা তুঙ্গে। প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী কিশোরীর পরিবারের সঙ্গে ফোনে কথা বলেছেন বলে কালীঘাটপন্থী তৃণমূলের দাবি। মমতার বারুইপুর যাওয়া 'আটকাতে' তাঁর বাড়ির সামনে বিশাল পুলিশ বাহিনী মোতায়েন করা হয়েছে বলেও তাঁরা অভিযোগ করে।

সিপিআইএম বারুইপুরের ঘটনার তীব্র নিন্দা করেছে। দলের বিধায়ক তথা রাজ্য কমিটির সদস্য মোস্তাফিজুর রহমান বলেন গত ১৫ বছরে এরাজ্যে যে দুষ্কৃতীদের রাজত্ব তৈরি হয়েছিল এই ঘটনা তারই প্রমাণ।

( বাইট- মোস্তাফিজুর রহমান )

পাশাপাশি ওই নাবালিকার পরিবারের সদস্যদের সঙ্গে মুখ্যমন্ত্রীর কথা বলাকেও তিনি সাধুবাদ জানিয়েছেন।

SUCI (communist), দোষীদের দৃষ্টান্তমূলক কঠোর শাস্তির দাবি জানিয়েছে। দলের রাজ্য সম্পাদক চণ্ডীদাস ভট্টাচার্য গতকাল এক বিবৃতিতে এই দাবি জানান।

নাবালিকাকে ধর্ষণ করে খুনের ঘটনায় নারী সুরক্ষা নিয়ে প্রশ্ন তুলেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। দোষীদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন তিনি। আজ তিনি কংগ্রেসের এক প্রতিনিধি দলের সঙ্গে বারুইপুরে যাবেন বলে জানিয়েছেন শুভঙ্কর বাবু।

**********************

প্রতিবাদী শিক্ষক বরুণ বিশ্বাসের হত্যার সঠিক তদন্ত অবশ্যই প্রয়োজন এবং রাজ্য সরকার এর সঠিক বিচার করবেই বলে কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার দাবী করেছেন।

( বাইট- সুকান্ত মজুমদার )

**********************

গভীর নিম্নচাপের প্রভাবে আজও রাজ্যের উপকূলবর্তী এবং পশ্চিমের জেলাগুলিতে ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

পুরুলিয়া পশ্চিম বর্ধমান এবং বীরভূম জেলায় ভারী বৃষ্টির হলুদ সর্তকতা রয়েছে। উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা, পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলাতেও দমকা হাওয়া সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কলকাতা ও পার্শ্ববর্তী এলাকাতে আজ আকাশ মেঘলা এবং দু-এক পশলা ভারী বৃষ্টি হতে পারে।

উত্তরবঙ্গে আজ বৃষ্টির পরিমাণ বাড়বে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ সৌরিশ বন্দোপাধ্যায় জানিয়েছেন।

( বাইট- সৌরিশ বন্দোপাধ্যায় )

**********************************************************************